রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক” ২০২২ সনের ৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জানুয়ারি ২৭, ২০২২**

**সূচিপত্র**


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৩—৪০ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৩—৪৪ | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | ক্রোড়পত্র—সংখ্যা | |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৩—৬৮ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| | | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| | | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| | | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**Economic Relations Division**
**Ministry of Finance**

**Notification**

Dated : 07 November, 2021

No **09.00.0000.092.24.008.18-207**—As per the provision in clause 3(1) of Waqf Deed, described under clause-3 of the Agreement signed on 29 March 1987 between the Islamic Development Bank (IsDB) and the Government of the People's Republic of Bangladesh relating to establishment of the IsDB-Bangladesh Islamic Solidarity Education Waqf (IsDB-BISEW) in Dhaka and in consultation with the Islamic Development Bank the Government of the People's Republic of Bangladesh is pleased to reconstitute the Comittee of Mutawallis of the IsDB-BISEW for a period of 3 (three) years (2021-2024) in the following manner with effect from 07 September 2021 :

| | | | |
|---|---|---|---|
| 1. | Br. Muhammad Nassis Sulaiman | Chairman | IsDB nominated |
| 2. | Senior Secretary<br>Finance Division, Ministry of Finance<br>Bangladesh Secretariat, Dhaka. | Vice-Chairman | GoB nominated |
| 3. | Secretary<br>Ministry of Religious Affairs<br>Bangladesh Secretariat, Dhaka. | Member | GoB nominated |

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| | | | |
|---|---|---|---|
| 4. | Additional Secretary (Administration & Middle-East)<br>Economic Relations Division (ERD)<br>Ministry of Finance, Sher-e-Bangla Nagar, Dhaka. | Member | GoB nominated |
| 5. | Dr. Eng. Mohammad Ahmed Kiwan | Member | IsDB nominated |
| 6. | Dr. Mohammad Ahmed Salem Mohamed | Member | IsDB nominated |

The Committee of Mutawallis will perform its duties and responsibilities in accordance with the power vested upon them in clause-6 of the aforementioned Waqf Deed.

This will come into effect immediately.

By order of the President

**Sabrina Sharmin**
Senior Assistant Secretary.

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০৯ নভেম্বর ২০২১ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-১৬/৭২(অংশ)-২০৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, জন্ম তারিখ ০৫-০২-১৯৮৪ খ্রিঃ, পিতা-মৃত তফির (ওরফে তফিজ) উদ্দিন শেখ, মাতা- মোছাঃ মাবিয়া বেগম, গ্রাম-পুকুরপাড়, ডাকঘর-শাহ্জাদপুর, উপজেলা-শাহ্জাদপুর, জেলা-সিরাজগঞ্জ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিরাজগঞ্জ জেলার শাহ্জাদপুর উপজেলার শাহ্জাদপুর পৌরসভার ৩ ও ৪নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৫**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ কার্তিক ১৪২৮/১৪ নভেম্বর ২০২১

নং **২৫.০০.০০০০.০১৮.২৭.০২৮.১৫-৩১৪**—যেহেতু, জনাব প্রবীর কুমার ভাদুরী, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), মানিকগঞ্জ গণপূর্ত উপ-বিভাগ-১, মানিকগঞ্জ, ঢাকা গণপূর্ত উপ-বিভাগ-৩ এ কর্মরত থাকাকালীন অবস্থায় গণপূর্ত অধিদপ্তরের ২৩-০৭-২০১২ তারিখের সশা-১/১ব-৪/১২/১১৪৩ নম্বর স্মারকে আপনাকে মানিকগঞ্জ গণপূর্ত উপ-বিভাগ-১ এ বদলি করা হয়। বদলি আদেশে ২৯-০৭-২০১২ তারিখের মধ্যে নতুন কর্মস্থলে যোগদানের নির্দেশনা দেয়া হয়; অন্যথায় ৩০-০৭-২০১২ তারিখ তাৎক্ষণিকভাবে অবমুক্ত হবেন মর্মে উল্লেখ করা হয়। কিন্তু আপনি কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে নির্ধারিত সময়ের প্রায় ০১ মাস পর ২৭-০৮-২০১২ তারিখ কর্মস্থলে যোগদান করেন এবং যোগদানের পর দায়িত্বভার গ্রহণ না করে পরবর্তী ৬০ দিনের বেশী সময়কাল বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। সে কারণে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) পরিবর্তিত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর উপবিধি (খ) ও (গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে ১৩/২০১৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

০২। যেহেতু, আপনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল না করায় বিভাগীয় মামলাটি তদন্ত করার লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ ছিদ্দিকুর রহমানকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে ১৬-১১-২০২০ তারিখে প্রতিবেদন দাখিল করেন। অতঃপর বিভাগীয় মামলার ধারাবাহিকতা

অনুসরণ করে আপনাকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। কিন্তু আপনি ২য় কারণ দর্শানো নোটিশেরও জবাব দাখিল করেননি। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী "চাকুরী হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কনসালটেশন রেগুলেশন্স, ১৯৭৯ এর প্রবিধান ৬ অনুযায়ী সরকারী কর্ম কমিশনকে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় "চাকুরী হতে বরখাস্তকরণ" (Dismissal from Service) গুরুদণ্ড প্রদানের কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

০৩। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী জনাব প্রবীর কুমার ভাদুরী' কে "চাকুরী হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয়। নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব প্রবীর কুমার ভাদুরী' কে "চাকুরী হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

০৪। সেহেতু, জনাব প্রবীর কুমার ভাদুরী, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), মানিকগঞ্জ গণপূর্ত উপ-বিভাগ-১, মানিকগঞ্জ, কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী "চাকুরী হতে বরখাস্তকরণ" করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.০১৮.০০৫.০০২.০২.০৪০.১৫-৩১৫**—যেহেতু, জনাব অমৃতা দত্ত, সহকারী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত প্রকল্প বিভাগ-৫, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের (প্রশাসন-১) এ প্রজ্ঞাপন নম্বর: ২৫.০০.০০০০.০১৩.০১১.০০১.১২-৬১(১০), তারিখ : ২১-১০-২০১৩ এর মাধ্যমে ৩২তম বিসিএস (গণপূর্ত) ক্যাডারে ৩০-১০-২০১৩ তারিখে যোগদান করেন। জনাব অমৃতা দত্ত, সহকারী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত প্রকল্প বিভাগ-৫, (গণপূর্ত ডিজাইন বিভাগ-৩) ঢাকায় কর্মরত থাকাকালীন শারীরিক অসুস্থতার কারণে ০৬-০৪-২০১৪ হতে ০৮-০৪-২০১৪ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটির আবেদন করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ০৭-০৬-২০১৪ তারিখ পর্যন্ত মোট ৬৩ (তেষট্টি) দিন কর্মস্থলে অনুপস্থিত থাকেন। ছুটি ভোগ শেষে ০৮-০৬-২০১৪ তারিখে কর্মস্থলে যোগদান করে প্রাপ্যতা বিহীন ছুটি মঞ্জুরের জন্য আবেদন করেন। অস্থায়ী কর্মকর্তা হওয়ায় আপনার আবেদনটি বিবেচিত হয়নি। উক্ত অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) পরিবর্তীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর উপবিধি (খ) ও (গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে ০৪/২০১৬ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

০২। যেহেতু, আপনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল না করায় বিভাগীয় মামলাটি তদন্ত করার লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ ছিদ্দিকুর রহমানকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। অতঃপর বিভাগীয় মামলার ধারাবাহিকতা অনুসরণ করে আপনাকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। কিন্তু আপনি ২য় কারণ দর্শানো নোটিশেরও জবাব দাখিল করেননি। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী "চাকুরী হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কনসালটেশন রেগুলেশন, ১৯৭৯ এর প্রবিধান ৬ অনুযায়ী সরকারী কর্ম কমিশনকে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় "চাকুরী হতে বরখাস্তকরণ" (Dismissal from Service) গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

০৩। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী জনাব অমৃতা দত্ত' কে "চাকুরী হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব অমৃতা দত্ত' কে "চাকুরী হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

০৪। সেহেতু, জনাব অমৃতা দত্ত, সহকারী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত প্রকল্প বিভাগ-৫, ঢাকা, কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী "চাকুরী হতে বরখাস্তকরণ" করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

**প্রশাসন শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/১০ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **২২৫.০০.০০০০.০১৯.৯৯.০০১.০২/৫২২**—চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ আইন ২০১৮ এর ৫(১)(ট) এবং ২ ধারা অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিম্নবর্ণিত ২জন কাউন্সিলরকে আদেশ জারির তারিখ হতে পরবর্তী ৩ বছরের জন্য চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য হিসেবে নিয়োগ করা হলো।

(ক) জনাব এম. আশরাফুল আলম, কাউন্সিলর ৩৯ নং দক্ষিণ হালিশহর ওয়ার্ড, চট্টগ্রাম।

(খ) জনাব জিয়াউল হক সুমন, কাউন্সিলর ০৬ নং পূর্ব ষোলশহর, চট্টগ্রাম।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**লুৎফুন নাহার**
উপসচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**জামস শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ নভেম্বর ২০২১ খ্রিঃ

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৭০.১৮-৩২৫**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, পিরোজপুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, পিরোজপুর জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | জনাব কাজী রুহিয়া বেগম হাসি, স্বামী-কাজী আব্দুল লতিফ, হালিমা মঞ্জিল, হাসপাতাল সড়ক, পিরোজপুর; | চেয়ারম্যান |
| ০২ | ১০(১) (ঘ) | শিক্ষিকা | জনাব শিরিনা আফরোজ, স্বামী-মোঃ মশিউর রহমান রাহাত, পুরাতন হাসপাতাল সড়ক, পিরোজপুর; | সদস্য |
| ০৩ | ১০(১) (ঙ) | সমাজসেবী | জনাব দোলা গুহ, স্বামী- চানু লাল দে, রাজার হাট, পিরোজপুর; | সদস্য |
| ০৪ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | জনাব মনিকা মন্ডল, স্বামী-ডাঃ ক্ষিতিশ চন্দ্র মন্ডল, শিকারপুর, পিরোজপুর সদর, পিরোজপুর; | সদস্য |
| ০৫ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | জনাব শাহানাজ পারভীন শানু, স্বামী-মোঃ ফারুক রহমান, কলেজ রোড, খুমুরিয়া পিরোজপুর। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব কাজী রুহিয়া বেগম হাসি, স্বামী-কাজী আব্দুল লতিফ উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১৪-১১-২০২১ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ কার্তিক ১৪২৮/০৭ নভেম্বর ২০২১

নং **২৩.০০.০০০০.০৭০.২৩.০৪৫.২০২০.২৫৫**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত ৩৮(আটত্রিশ) জন সদস্যকে শান্তিকালীন বীরত্বপূর্ণ/সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ পদক, এককালীন অনুদান ও ভাতা প্রদানে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো :

| ক্র. নং | পদবি, নাম, চাকরি নং ও শাখা | পদকের নাম (বাংলা/ইংরেজি) | এককালীন অনুদান | মাসিক ভাতার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১। | এয়ার চীফ মার্শাল শেখ আব্দুল হান্নান, বিইউপি, এনএসডব্লিউসি, এফএডব্লিউসি, পিএসসি (বিডি/৭৭৩৭), জিডি (পি) | বিমান বাহিনী পদক (BBP) | ১,৫০,০০০/- | ২,৫০০/- |
| ২। | এয়ার কমডোর (বর্তমানে এয়ার ভাইস মার্শাল) হাসান মাহমুদ খাঁন, জিইউপি, এনএসডব্লিউসি, পিএসসি (বিডি/৭৯৬৯), জিডি (পি) | অসামান্য সেবা পদক (OSP) | ১,২৫,০০০/- | ২,০০০/- |

| ক্র. নং | পদবি, নাম, চাকরি নং ও শাখা | পদকের নাম (বাংলা/ ইংরেজি) | এককালীন অনুদান | মাসিক ভাতার পরিমাণ |
|---|---|---|---|---|
| ৩। | এয়ার কমডোর এম এ আওয়াল হোসেন, জিইউপি, এনডিসি, এডব্লিউসি, পিএসসি (বিডি/৮২৫০), জিডি (পি) | অসামান্য সেবা পদক (OSP) | ১,২৫,০০০/- | ২,০০০/- |
| ৪। | এয়ার কমডোর জাভেদ তানভীর খান, বিএসপি, এনডিসি, এফএডব্লিউসি, এসিএসসি, পিএসসি (বিডি/৮৩২৭), জিডি (পি) | | | |
| ৫। | এয়ার ভাইস মার্শাল মুহাম্মদ কামরুল ইসলাম, জিইউপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৭৯৭৩), জিডি (পি) | বিশিষ্ট সেবা পদক (BSP) | ১,১৫,০০০/- | ১,৮০০/- |
| ৬। | এয়ার ভাইস মার্শাল সাদে উদ্দিন আহমেদ, বিইউপি, এনডিসি, এনএসডব্লিউসি, পিএসসি (বিডি/৮৩১০), ইঞ্জিনিয়ারিং | | | |
| ৭। | এয়ার কমডোর (বর্তমানে এয়ার ভাইস মার্শাল) মোঃ জাহিদুর রহমান, জিইউপি, এনএসডব্লিউসি, পিএসসি (বিডি/৭৯৭৪), জিডি (পি) | | | |
| ৮। | এয়ার কমডোর মোঃ মোস্তাফিজুর রহমান, জিইউপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৪৩০), জিডি (পি) | ঐ | ঐ | ঐ |
| ৯। | এয়ার কমডোর মোঃ মাহমুদুর হাসান, জিইউপি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৪৩৪), জিডি (পি) | বিশিষ্ট সেবা পদক (BSP) | ১,১৫,০০০/- | ১,৮০০/- |
| ১০। | এয়ার কমডোর মোহাম্মদ মুশতাকুর রহমান, বিপিপি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৪০২), এডিডব্লিউসি | | | |
| ১১। | এয়ার কমডোর খান মোঃ মাহমুদুল হক, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৫২৫), জিডি (পি) | গৌরবোজ্জ্বল উড্ডয়ন পদক (GUP) | ১,০০,০০০/- | ১,৭০০/- |
| ১২। | গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ কামরুল এরসাদ মতিন, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৫৬৩), জিডি (পি) | | | |
| ১৩। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মুক্তাসিম বিল্লাহ, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৫৬৪), জিডি (পি) | | | |
| ১৪। | গ্রুপ ক্যাপ্টেন মোস্তফা নাজমুল আলম, এসিএসসি, পিএসসি (বিডি/৮৮১১), জিডি (পি) | | | |
| ১৫। | গ্রুপ ক্যাপ্টেন সালাহ উদ্দিন মোঃ আলীম আল রাব্বী, পিএসসি (বিডি/৮৭৫৪), জিডি (পি) | | | |
| ১৬। | বিডি/৪৬৫১৪৫ সার্জেন্ট টিপন রঞ্জন বনিক, ফ্লাইট ইঞ্জিনিয়ার | | | |

| ক্র. নং | পদবি, নাম, চাকরি নং ও শাখা | পদকের নাম (বাংলা/ ইংরেজি) | এককালীন অনুদান | মাসিক ভাতার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১৭। | এয়ার কমডোর মোঃ জাহিদুল সাইদ, এনডিসি, পিএসসি, (বিডি/৮৩৬৪), ইঞ্জিনিয়ারিং | বিমান উৎকর্ষ পদক (BUP) | ৮৫,০০০/- | ১,৬০০/- |
| ১৮। | এয়ার কমডোর মোঃ নিয়ামূল কবীর, এইচডিএমসি, পিএসসি (বিডি/৮৪৫৫), জিডি (এন) | | | |
| ১৯। | এয়ার কমডোর মোঃ আবু রায়হান, জিইউপি, পিএসসি (বিডি/৮৪৯৮), জিডি (পি) | | | |
| ২০। | এয়ার কমডোর মোঃ মোস্তাক হেলালুর রহমান (বিডি/৮৩৪১), ফিন্যান্স | | | |
| ২১। | গ্রুপ ক্যাপ্টেন (বর্তমানে এয়ার কমডোর), মোহাঃ মাহফুজুর রহমান, জিইউপি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৫২৬), জিডি (পি) | | | |
| ২২। | গ্রুপ ক্যাপ্টেন (বর্তমানে এয়ার কমডোর), মোঃ আব্বাস আলী, জিইউপি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৫৪৭), জিডি (পি) | বিমান উৎকর্ষ পদক (BUP) | ৮৫,০০০/- | ১,৬০০/- |
| ২৩। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মাকসুদুল আলম, পিএসসি (বিডি/৮৬১৫), ইঞ্জিনিয়ারিং | | | |
| ২৪। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ সাজ্জাদ হোসেন, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৪৬৬), এটিসি | | | |
| ২৫। | বিডি/৪৬৩২৪৮ ওয়ারেন্ট অফিসার (বর্তমানে সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোঃ সাইফুল ইসলাম, এয়ারফ্রেম ফিটার) | বিমান উৎকর্ষ পদক (BUP) | ৮৫,০০০/- | ১,৬০০/- |
| ২৬। | বিডি/৪৬৬২৮০ সার্জেন্ট ওমর ফারুক, জিএস | | | |
| ২৭। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মনিরুল ইসলাম, পিএসসি (বিডি/৮৬৩৩), ইঞ্জিনিয়ারিং | বিমান পারদর্শিতা পদক (BPP) | ৭৫,০০০/- | ১,৫০০/- |
| ২৮। | উইং কমান্ডার ওয়ালিদ আহমেদ শিশির (বিডি/৮৮১৬), জিডি (পি) | | | |
| ২৯। | উইং কমান্ডার খন্দকার মুস্তাফিজুর রহমান, পিএসসি (বিডি/৮৮৬৭), ফিন্যান্স | | | |
| ৩০। | উইং কমান্ডার আরশাদুল ইসলাম খান, পিএসসি (বিডি/৮৯১৮), এডিডব্লিউসি | | | |
| ৩১। | উইং কমান্ডার করিম মোহাম্মদ বিদ্যুৎ (বিডি/৯০৩৫), জিডি (পি) | | | |
| ৩২। | উইং কমান্ডার মোহাম্মদ হাবিবুর রহমান, (বিডি/৯০৫২), এডমিন | | | |
| ৩৩। | বিডি/৪৬১৬১৩ মাস্টার ওয়ারেন্ট অফিসার মোঃ আব্দুল মান্নান সরকার, রেডিও ফিটার | | | |
| ৩৪। | বিডি/৪৬১৩৮৫ সিনিয়র ওয়ারেন্ট অফিসার এস এম রবিউল হাসান, রেডিও ফিটার | | | |

| ক্র. নং | পদবি, নাম, চাকরি নং ও শাখা | পদকের নাম (বাংলা/ইংরেজি) | এককালীন অনুদান | মাসিক ভাতার পরিমাণ |
|---|---|---|---|---|
| ৩৫। | বিডি/৪৬২০২৪ সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোঃ তৈয়বুর রহমান, এয়ারফ্রেম ফিটার | বিমান পারদর্শিতা পদক (BPP) | ৭৫,০০০/- | ১,৫০০/- |
| ৩৬। | বিডি/৪৬২২৩০ সিনিয়র ওয়ারেন্ট অফিসার মনিলাল চাকমা, জেনাঃ ইঞ্জি | | | |
| ৩৭। | বিডি/৪৬৪৬৪১ ওয়ারেন্ট অফিসার মোহাম্মদ আবদুর রহিম, ইঞ্জিন ফিটার | | | |
| ৩৮। | বিডি/৪৬৫৩৪৯ ওয়ারেন্ট অফিসার মোঃ শাহজাহান, জিএস | বিমান পারদর্শিতা পদক (BPP) | ৭৫,০০০/- | ১,৫০০/- |

২। বাংলাদেশ সশস্ত্র বাহিনীতে বীরত্বপূর্ণ/সাহসিকতাপূর্ণ কাজের জন্য পদক, এককালীন অনুদান ও ভাতা প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৩ এর ধারা ৮(ক) অনুযায়ী এ অর্থ বিমান বাহিনীর উপযুক্ত বাজেট খাত/কোড হতে সংকুলান করা হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হেলালুজ্জামান সরকার**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**
**বিজ্ঞপ্তি**

তারিখ : ০২ মাঘ ১৪২৮বঙ্গাব্দ/১৬ জানুয়ারি ২০২২খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪০.১২(অংশ-১).০৮**—The state Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূরান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১। | মালতিয়া | ৯৫ | ১৩৪১ | ডুমুরিয়া | খুলনা |
| ০২। | জয়খালী | ১২৭ | ২৪৪ | ডুমুরিয়া | খুলনা |
| ০৩। | ঘোলহালিয়া | ২৭ | ২০০ | কয়রা | খুলনা |
| ০৪। | বাজারগ্রাম | ৪২ | ৩১৮ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| ০৫। | আলাদিপুর | ১০৬ | ৯৭৪ | তালা | সাতক্ষীরা |
| ০৬। | মুনিগঞ্জ | ১৫১ | ৩৪২ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ০৭ | বিদ্যারবাওন দিগরাজ | ২ | ১৫০৩ | মোংলা | বাগেরহাট |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ: ১৬ জানুয়ারি, ২০২২খ্রিঃ

**নং বিচার-৭/২এন-০২/৯৬-১৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (কাওছার, জন্ম তারিখ: ২৫-০৯-১৯৮৮খ্রিঃ, পিতা: আবুল কালাম, মাতা: রেজিয়া, গ্রাম: বালিয়াকান্দি, ডাকঘর: বালিয়াকান্দি, উপজেলা: বালিয়াকান্দি, জেলা: রাজবাড়ী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার ০৫ নং বালিয়াকান্দি ইউনিয়নের জন্য বিবাহ তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখঃ ১১ জানুয়ারি ২০২২ খ্রিঃ

নং **বিচার-৭/২এন-৮৭/০৪-০৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ আনিছুর রহমান, জন্ম তারিখঃ ২৬-০২-১৯৯০ খ্রি., পিতা-আব্দুল মালেক, মাতা-মাহ্‌মুদা খাতুন, গ্রাম-চক পৈলানপুর উত্তরপাড়া, ওয়ার্ড নং-১২, ডাকঘর-পাবনা, উপজেলা-পাবনা সদর, জেলা-পাবনা)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পাবনা জেলার পাবনা পৌরসভার ১২ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**

সিনিয়র সহকারী সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**উর্ধ্বতন নিয়োগ-১ শাখা**

**শোক বার্তা**

তারিখ: ১৩ মাঘ ১৪২৮/ ২৭ জানুয়ারি ২০২২

**নং-০৫.০০.০০০০.১৩০.৩২.২০০.১৯-৫০**—ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ আলতাফ হোসেন চৌধুরী (৫৭৯৬) গত ১৭ জুন ২০২১ তারিখ বৃহস্পতিবার সকাল ৬:৩২ ঘটিকায় মৃত্যু বরণ করেন (ইন্নালিল্লাহি ........রাজিউন)।

০২। জনাব মোঃ আলতাফ হোসেন চৌধুরী ১২ জানুয়ারি ১৯৬৬ তারিখে লক্ষ্মীপুর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ০১ এপ্রিল ১৯৯৩ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ২৩ অক্টোবর ২০১৯ তারিখে অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন।

০৩। জনাব মোঃ আলতাফ হোসেন চৌধুরী তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ০১ (এক) পুত্র ও ০১ (এক) কন্যাসহ আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মোঃ আলতাফ হোসেন চৌধুরী (৫৭৯৬) এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**কে এম আলী আজম**

সিনিয়র সচিব।